তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# সরকারি পলিটেকনিকে ভর্তির ফল প্রকাশ

■ ইত্তেফাক রিপোর্ট

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে ভর্তির ফল প্রকাশ করা হয়েছে। গতকাল রবিবার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন।

কারিগরি শিক্ষা অধিদফতরের ওয়েবসাইটে www.techedu.gov.bd ফল পাওয়া যাচ্ছে। এ ছাড়া আবেদনের সময় দেওয়া শিক্ষার্থীর মোবাইল নম্বরে ফল জানিয়ে দেওয়া হয়। মূল মেধাতালিকা থেকে সরকারি পলিটেকনিকগুলোতে গতকাল থেকেই শিক্ষার্থী ভর্তি শুরু হয়। ৩০ জুন পর্যন্ত ভর্তি চলবে। ক্লাস শুরু হবে ১৬ আগস্ট। একাধিক ধাপে অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে এবং এ সব তালিকা থেকে আগামী ২ থেকে ২৪ জুলাই শিক্ষার্থী ভর্তি করা হবে।

এবার ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ৪৯টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, ৬৪টি কারিগরি স্কুল অ্যান্ড কলেজ ও একটি ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে (ভিটিটিআই) দুই শিফটে মোট ৫৭ হাজার ৭৮০টি আসন রয়েছে। এ আসনের বিপরীতে এবার ১ লাখ ৬৫ হাজার ১৭৭ জন শিক্ষার্থী আবেদন করেন। প্রথম শিফটে ৩২ হাজার ৩৪০ আসনের বিপরীতে ৯৯ হাজার ৭১৮টি, দ্বিতীয় শিফটে ২৫ হাজার ৪৪০টি আসনের বিপরীতে ৬৫ হাজার ৪৫৯টি আবেদন জমা পড়ে। শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ৩০ জুন পর্যন্ত আবেদন নেওয়া হবে, ফল প্রকাশ করা হবে ১ জুলাই।